দৈনিক ইত্তেফাক

তারিখ 20 DEC 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

12

## খুলনায় বিআইটি ছাত্র-ছাত্রীদের ক্লাস বর্জন

(খুলনা অফিস)

বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজী খুলনার ছাত্র-ছাত্রীরা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল (বুধবার) হইতে অনির্দিষ্টকালের

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

### খুলনায় বিআইটি

(১ম পৃ: পর)

জন্য ক্লাস বর্জন শুরু করিয়াছে। দাবী হইতেছে পরীক্ষার প্রস্তুতি পর্বের জন্য তিন সপ্তাহ ছুটি এবং প্রতি বিষয়ে পরীক্ষার মধ্যবর্তী ৪ দিন ছুটি। দাবীর সমর্থনে গতকাল তাহারা ক্যাম্পাসে মিছিল বাহির করে এবং পরে সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে সমাবেশ করে। দাবী আদায়ের লক্ষ্যে তাহারা আগামী শনিবার বিআইটির প্রশাসনিক ভবনের সম্মুখে প্রতীক অনশন করিবে।

বিআইটির পরিচালক এক জরুরী বিজ্ঞপ্তিতে বলিয়াছেন, ছাত্র-ছাত্রীদের এই দাবী মানিয়া নেওয়া হইলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হইবে এবং ইহা সেশন পিছানোর কারণ হইয়া দাঁড়াইবে।